# কি ভাবছেন!! কম খরচে কোর্স করবেন? কোথায় করবেন? আপনার সমাধান আছে আমাদের কাছে!

## এবার নিজের "BOSS" নিজেই হন...

কম খরচে ফার্মেসি কোর্স করে Retail বা Wholesale ওষুধের দোকান খুলুন

**D.PHARMACY | B.PHARMACY**

HS Sc. (PCB/M with 50% Marks) | PCI Approved

**FOR ADMISSION 7439028998**

## প্রাইমারী স্কুলে চাকরি মানেই...

**D.El.Ed**

DURATION : 2 YEARS

APPROVED BY : WBBPE & NCTE

COURSE FEE : 65,000/-

**FOR ADMISSION 7003323135**

## আপনি কি মাধ্যমিক / HS ফেল?

আপনি কি HS Science নিয়ে পাশ করতে চান?

NIOS

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় ও NIOS থেকে একচান্সে পাশ করুন

100% Pass Assistance, Admission Guide, Study Materials & Online Coaching

**FOR ADMISSION 8597596723**

## Regular/Distance Courses:



BA, MA, B.Sc, M.Sc

B.Com, M.Com, B.Lib

M.Lib, BSW, MSW

BBA, MBA, BCA, MCA

**FOR ADMISSION 6294181779**



## GNM নার্সিং

## B.Sc নার্সিং

MBBS | BDS

**FOR ADMISSION 6294181779**

## প্যারামেডিক্যাল কোর্স ঃ



- ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT)
- ডায়ালিসিস টেকনিশিয়ান (DT)
- অপারেশন থিয়েটার টেকনোলজি (OTT)
- রেডিওগ্রাফি | ফিজিওথেরাপি | অপটোমেট্রি
- মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (MLT)
- রেডিওথেরাপি টেকনোলজি (RT)
- ল্যাব টেকনিশিয়ান | ইসিজি টেকনোলজি

**FOR ADMISSION 7595929905**



## LLB | LLM

## BA LLB

B.Ed | M.Ed | B.P.Ed

Ph.D (All Subjects)

**FOR ADMISSION 7044064045**

## ITI (FITTER & ELECTRICIAN)

POLYTECHNIC (MECHANICAL/ELECTRICAL CIVIL/AUTOMOBILE)

B.TECH, M.TECH

HOTEL MANAGEMENT

HOSPITAL MANAGEMENT

**FOR ADMISSION 7439028998**

NEW ফ্রাঞ্চাইজি CALL 7003323135

HGI Estd. 2006

# HALDAR GROUP OF INSTITUTIONS

(WB GOVT. REG. NO: IV-1903-00118/2022)

An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org

হেড অফিস ঃ সোনারপুর, এইচ. সি. সরনী, কলকাতা - 700150

কর্পোরেট অফিস ঃ সোনারপুর, মিশন পল্লী মোড়, কলকাতা - 700150



Mr. Samar Haldar
Chairman & Director

### মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO).

**মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর :** Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 9064922886, 7001279061.

**বহরমপুর স্টাডি সেন্টার :** 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB. Ph. : 7602656588, 6290698667.

**কল্যাণী স্টাডি সেন্টার :** B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. Ph. : 7602656588, 6290698667. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

## ৪৬২ নার্স ও টেকনিশিয়ান

১ পাতার পর

কাম পারচেজ অ্যাসিস্ট্যান্ট' ও 'মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান' পদে ৪৬২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সিস্টার গ্রেড-II :** বি.এসসি. নার্সিং, বি.এসসি. অনার্স নার্সিং, বি.এসসি. (পোস্ট সার্টিফিকেট) নার্সিং, পি.বি.-বি.এসসি. নার্সিং কোর্স পাশরা যোগ্য। জি.এন.এম. কোর্স পাশরা ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। ভারতীয় বা, রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ৪৩১টি। এই পদের : Advt. No. 10/Estb.2/ Rectt./Dr.RMLIMS/2022.

**স্টোরকীপার কাম পারচেজ অ্যাসিস্ট্যান্ট :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা মেটেরিয়াল ম্যানেজমেন্টের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ২১টি। এই পদের : Advt. No. 13/Estb.2/Rectt./ Dr.RMLIMS/2022.

**মেডিক্যাল রেকর্ড টেকনিশিয়ান :** মেডিক্যাল রেকর্ড টেকনোলজির ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ১০টি। এই পদের : Advt. No. 18/Estb.2/ Rectt./Dr.RMLIMS/2022.

সব পদের বেলায় বয়স হতে হবে ৭-১১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ ও স্কিল টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.drrmlims.ac.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সেনাবাহিনীতে মাল্টি টাস্কিং স্টাফ

১ পাতার পর

পারেন। সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২-১২-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০ টাকা ও কুক পদে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ৯টি (জেনাঃ ১, জেনাঃ ই.ডব্লু.এস. ৩, জেনাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ২ ঘন্টার অবজেক্টিভ টাইপের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বর, (২) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট -২৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ - ৫০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) নিজের নাম-ঠিকানা লেখা (পিতার নাম-সহ) ও উপযুক্ত ডাকটিকিট সাঁটা ২টি খাম, (৩) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (এক কপি দরখাস্তে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে) (ছবিতে কোনো চিহ্ন ও স্বাক্ষর থাকবে না)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post..... Category (Gen/Gen-EWS/ Gen-ESM/OBC/ST etc)................ দরখাস্ত পাঠাবেন স্পিড পোস্ট, রেজিস্ট্রি পোস্ট বা, সাধারণ ডাকে। পৌঁছনো চাই ২ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় : HQ Bengal Sub Area, 246, A.J.C. Bose Road, Alipore, Kolkata - 27. দরখাস্তের বয়ান :

**HEADQUARTER BENGAL SUB AREA**
**APPLICATION FORM FOR THE POST OF**
**CATEGORY ________ (GEN/EWS/ESM/OBC/ST)**

| | | |
|---|---|---|
| 1. | Post for which applied (Single entry only) | Passport size Photograph to be affixed |
| 2. | Name of the Applicant (in Block letters) | |
| 3. | Father's Name | |
| 4. | Sex | |
| 5. | Date of Birth, Age as on last date of application (attach DoB proof certificate) | |
| 6. | Full Postal Address | |
| 7. | Mobile / Contact Number | |
| 8. | Permanent Address | |
| 9. | Nationality & Religion | |
| 10. | Caste (SC / ST/ OBC) / EWS/ESM (attach certificate as applicable) | |
| 11. | Educational Qualification (Photocopy of Mark Sheet(s) & Certificate(s) to be attached | |
| 12. | Employment Exchange Registration Card Number, if any | |
| 13. | Visible Indentification Mark | |
| 14. | Aadhar Card Number | |
| 15. | Any other Information | |


Certified that the particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief. If particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

**Date :**

**Enclosures -** **(Signature of applicant)**

**FOR OFFICIAL RECORDS ONLY**

| | | | | |
|---|---|---|---|---|
| 1. | Received on | | 2. Accepted / Rejected | |
| 3. | Reason for rejection | | Underage/Overage/Incomplete Documents / Any other reasons to be specified. | |
| 4. | Index No. | | 5. Date of Written Test / Skill Test | |

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। বৃক্কের পাথর মূলত কী — অক্সালেটের ক্যালসিয়াম।

২। পতঙ্গের মাধ্যমে পরাগসংযোগ হলে তাকে কী বলে — এন্টোমোফিলি।

৩। লিভার সিরোসিসের প্রধান কারণ কী — অত্যধিক মদ্যপান।

৪। কোন শ্রেণির মাছের ফুলকা কানকুয়া দিয়ে ঢাকা থাকে — অস্থিময় শ্রেণির।

৫। উদ্ভিদজগতে শৈবাল ও ছত্রাককে একত্রে কী বলে — থ্যালোফাইটা।

৬। যে নালিকা বাণ্ডিলে ফ্লোয়েমকে ঘিরে জাইলেম থাকে, তাকে কী বলে — লেপ্টোসেন্ট্রিক।

৭। কী কারণে মানুষের শরীরে রক্ত জমাট বাঁধে না — হেপারিন থাকার জন্য।

৮। ফিতাকৃমির কোন তন্ত্রের দরকার হয় না — পাচনতন্ত্র।

৯। মুক্তগর্ভপত্রী পুষ্প থেকে তৈরি ফলের নাম কী — গুচ্ছিত ফল।

১০। ম্যালেরিয়া রোগের জীবাণু ও স্ত্রী অ্যানোফিলিস মশার পারস্পরিক



সম্পর্ক প্রথম কে বের করেন — রোনাল্ড রস।

## ইতিহাস

১১। কঠোর তপস্যায় যাঁরা সিদ্ধিলাভ করেন, তাঁদের কী বলে — নির্গন্থ।

১২। 'কৈবল্যজ্ঞান' কী — দিব্যজ্ঞান।

১৩। বালপুত্রদেব কে — যবদ্বীপের শৈলেন্দ্র বংশীয় রাজা।

১৪। 'সফরনামা' গ্রন্থটি কার লেখা — ইবন বতুতা।

১৫। আমির তৈমুর কোন অঞ্চলের অধিপতি ছিলেন — ফরগনা।

১৬। কোন সুলতান প্রথম রাজকোষ থেকে কৃষকদের জন্য কৃষি ঋণের ব্যবস্থা করেন — মহম্মদ বিন তুঘলক।

১৭। 'প্রিয়দর্শী' উপাধি কে নেন — সম্রাট অশোক।

১৮। বিম্বিসার কোন বংশের রাজা ছিলেন — হর্যঙ্ক।

১৯। জৈনধর্মের মূল লক্ষ্য কী — আত্মার মুক্তি।

২০। 'কুলপা' কাকে বলা হত — পরিবারের কর্তাকে।

## ভূগোল

২১। কোন শিলাকে 'স্তরীভূত শিলা' বলে — পাললিক শিলা।

২২। কয়লা কোন শ্রেণির শিলা — জৈব শিলা বা, অঙ্গারময়।

২৩। কী ধরণের শিলাগঠিত অঞ্চলে রাসায়নিক আবহবিকারের প্রাধান্য দেখতে পাওয়া যায় — চুনাপাথর গঠিত অঞ্চলে।

২৪। তিব্বতে ব্রহ্মপুত্র নদের নাম কী — সাংপো।

২৫। পলি, কাদা প্রভৃতি পদার্থ নদী কীভাবে বহন করে — ভাসমান প্রক্রিয়ায়।

২৬। একটি নিয়ত বায়ুপ্রবাহের নাম কী — আয়ন বায়ু।

২৭। কাদাপাথর পরিবর্তিত হয়ে কীসে পরিণত হয় — স্লেট পাথরে।

২৮। ভারতের কোন সীমান্তে নেপাল অবস্থিত — উত্তর সীমান্তে।

২৯। পৃথিবীর গতিশীলতা কোন বিজ্ঞানী প্রমাণ করেন — ভারতীয় বিজ্ঞানী আর্যভট্ট।

৩০। হ্যালির ধূমকেতু কে আবিষ্কার করেন — স্যার এডমন্ড হ্যালি।

## অর্থনীতি

৩১। সম্প্রতি ভারতের কোন রাজ্যে সবুজ হাইড্রোজেন ও সবুজ অ্যামোনিয়া প্রকল্প স্থাপনের জন্য ২২,৪০০ কোটি টাকা বিনিয়োগ করার সিদ্ধান্ত নিল 'জ্যাকসন গ্রিন' — রাজস্থান।

৩২। 'আইসিআইসিআই ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — সন্দীপ বক্সি।

৩৩। সম্প্রতি চিনকে অতিক্রম করে, ভারতের তৃতীয় বৃহত্তম রফতানি বাজার হল কোন দেশ — নেদারল্যান্ড।

৩৪। 'ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান এখন কে — এ.কে.গোয়েল।

৩৫। কোন কোম্পানি সম্প্রতি ভারতে 'গ্রিন ডাটা সেন্টার' চালু করল — ফোনপে।

৩৬। বিশ্বের বৃহত্তম ৫জি নেটওয়ার্ক তৈরি করার জন্য সম্প্রতি কোন কোম্পানির সঙ্গে অংশীদারিত্ব করল 'রিলায়েন্স জিও' — নোকিয়া।

৩৭। ২০২২ সালে কোন ব্যাঙ্ক সম্প্রতি 'ফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র তরফ থেকে, 'ন্যাশনাল ডিজিটাল ট্রান্সফর্মেশন পুরস্কার' (ডিএক্স ২০২২ পুরস্কার) পেল — কর্ণাটক ব্যাঙ্ক।

## সাম্প্রতিক ঘটনা

৩৮। রাজস্থানের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — উমেশ মিশ্র।

৩৯। রাষ্ট্রসঙ্ঘের 'এয়ার ট্রান্সপোর্ট কমিটি'র চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি



কে মনোনীত হলেন — শেফালি জুনেজা।

৪০। কুকুরের কামড় ও হামলার ঘটনা রুখতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি গৃহপালিত কুকুরদের রেজিস্ট্রেশন বাধ্যতামূলক করল — হরিয়ানা।

৪১। কোন দেশ সম্প্রতি বিশ্বে প্রথম মুখ দিয়ে নেওয়ার করোনা টিকা চালু করল — চিন।

৪২। সম্প্রতি মারা গেলেন 'বিশ্বের সবথেকে নোংরা ব্যক্তি' আমৌ হাজি (৯৪ বছর)। তিনি কোন দেশের বাসিন্দা ছিলেন — ইরান।

৪৩। সম্প্রতি কোন দেশের মন্ত্রিসভা ব্যক্তিগত বিনোদনমূলক উদ্দেশ্যে গাঁজার ব্যবহারকে বৈধ ঘোষণা করার পরিকল্পনার প্রস্তাবে স্বীকৃতি দিল — জার্মানি।

৪৪। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'মহিলা-বান্ধব পর্যটন' প্রকল্প চালু করল — কেরালা।

৪৫। 'কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া'র ভারপ্রাপ্ত চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঙ্গীতা ভার্মা।

৪৬। কে সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের উত্তর ক্যারোলিনা রাজ্যের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান 'অর্ডার অফ দ্য লং লিফ পাইন' পেলেন — বিশিষ্ট ভারতীয়-মার্কিনি উদ্যোক্তা তথা কর্মী স্বদেশ চ্যাটার্জি।

৪৭। কোন শিক্ষা প্রতিষ্ঠান সম্প্রতি ২০২১ ও ২০২২ সালের জন্য, 'ন্যাশনাল ইন্টেলেকচুয়াল প্রপার্টি পুরস্কার' পেল — আইআইটি মাদ্রাজ।

৪৮। ২০২৩ সালে ৯১ তম ইন্টারপোলের সাধারণ অধিবেশন আয়োজন করবে বিশ্বের কোন শহর — অস্ট্রিয়ার ভিয়েনা।

৪৯। সম্প্রতি প্রয়াত পিনাকী চৌধুরী (৮২ বছর) কে ছিলেন — চলচ্চিত্র পরিচালক।

৫০। প্রথম এশিয়ান-মার্কিনি হিসাবে, কে সম্প্রতি মার্কিনি মুদ্রায় স্থান পেলেন — প্রয়াত হলিউড অভিনেত্রী আন্না মে ওং।

৫১। ভারতের কোন রাজ্য সম্প্রতি দীপাবলি উপলক্ষ্যে, একসঙ্গে ১৫.৭৬ লাখ প্রদীপ জ্বালিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল — উত্তর প্রদেশ।

৫২। ভারতে, মার্কিন যুক্তরাষ্ট্রের অন্তর্বর্তীকালীন রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এলিজাবেথ জোনস।

৫৩। 'ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ ফিল্ম ক্রিটিক্স'এর তরফ থেকে, কোন চলচ্চিত্র সম্প্রতি সর্বকালের সেরা ভারতীয় চলচ্চিত্রের খেতাব পেল — সত্যজিৎ রায়ের পরিচালিত বাংলা চলচ্চিত্র 'পথের পাঁচালী'।

৫৪। ভারতের অ্যান্ড্রয়েড মোবাইল ডিভাইস সংক্রান্ত ব্যবসায় প্রভাব খাটানোর অভিযোগে, কোন কোম্পানিকে সম্প্রতি ১,৩৩৭ কোটি টাকা জরিমানা করল 'কম্পিটিশন কমিশন অফ ইন্ডিয়া' — সার্চ ইঞ্জিন জায়ান্ট 'গুগল'।

৫৫। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী এখন কে — ঋষি সুনক।

৫৬। ইতালির প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে — জর্জিয়া মেলোনি।

৫৭। কোন দেশ সম্প্রতি 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'এর 'কালো তালিকাভুক্ত' হল — মায়ানমার।

৫৮। ভারতের কোন রাজ্যের ১৫টি স্কুলে সম্প্রতি 'অনেস্টি শপ' চালু হল — কেরালা।

৫৯। সম্প্রতি প্রয়াত স্বপন সেনগুপ্ত (৯০ বছর) কে ছিলেন — সঙ্গীত পরিচালক।

৬০। চিনের প্রেসিডেন্ট এখন কে — শি জিনপিং।

৬১। সম্প্রতি ভারতের প্রথম 'মাইগ্রেশন মনিটরিং সিস্টেম'এর উদ্বোধন হল কোথায় — মুম্বই।

৬২। ২০২৩ সাল থেকে কোন দিনটিতে সরকারি স্কুলে ছুটি ঘোষণা করল নিউইয়র্ক প্রশাসন — দিওয়ালি।

৬৩। কাকে সম্প্রতি প্রথম এশীয় তথা প্রথম ভারতীয় হিসাবে, বর্ণবাদ ও সংশ্লিষ্ট অসহিষ্ণুতার-বিষয়ে স্বাধীন বিশেষজ্ঞ হিসাবে মনোনীত করল 'ইউনাইটেড নেশনস হিউম্যান রাইটস কাউন্সিল' — দলিত কর্মী ও প্রাক্তন অধ্যাপিকা ড.অশ্বিনী কে.পি।

৬৪। সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় 'সিত্রাং'এর নামকরণ করেছে কোন দেশ — তাইল্যান্ড।

৬৫। কোন খাবার সম্প্রতি খাদ্য বিভাগে 'সবথেকে জনপ্রিয় জিআই' পুরস্কার পেল — তেলেঙ্গানার হায়দরাবাদি হালিম।

৬৬। 'কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — জক্ষয় শাহ।

৬৭। পরিবেশ রক্ষার্থে কে সম্প্রতি গুজরাতের কেভাডিয়ায় 'মিশন লাইফ' চালু করলেন — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৬৮। ২০২২ সালে 'এডেলগিভ হারুন ইন্ডিয়া ফিলানথ্রপি' তালিকায়, কে সম্প্রতি দেশের সবথেকে উদার ব্যক্তি হিসাবে শীর্ষে স্থান পেলেন — 'এইচসিএল'এর প্রতিষ্ঠাতা শিব নাদার (১ বছরে সমাজসেবা খাতে ১,১৬১ কোটি টাকা দান করেছেন। দিনে প্রায় ৩ কোটি টাকার অনুদান দিয়েছেন তিনি)।

৬৯। ভারতের নতুন রাজস্ব সচিব হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জয় মলহোত্রা।

৭০। সম্প্রতি কোন দেশের রাষ্ট্রদূতকে ২০২২ সালের 'নোবেল পুরস্কার'এর অনুষ্ঠান থেকে বাদ দেওয়া হল — ইরান।

৭১। কে সম্প্রতি হরিয়ানার ফরিদাবাদে, অরবিটাল রেল করিডর প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন — কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।


৭২। সম্প্রতি 'স্টর্ম কোস্টার'কে বিশ্বের দ্রুততম ভার্টিক্যাল-লঞ্চ রোলারকোস্টার হিসাবে নামকরণ করল 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'। এই 'স্টর্ম কোস্টার' কোথায় অবস্থিত — সংযুক্ত আরব আমিরশাহীর দুবাইয়ে।

৭৩। 'স্যামসাং ইলেক্ট্রনিক্স'এর এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — জে ওয়াই লি।

৭৪। কোন প্রতিষ্ঠানের বিজ্ঞানীরা সম্প্রতি প্রথম দেশীয় 'ওভারহাউজার ম্যাগনেটোমিটার' তৈরি করলেন — ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ জিওম্যাগনেটিজম।

৭৫। সম্প্রতি লাদাখে দুর্গম এলাকায় সায়ক নদীর ওপর নতুন সেতুর উদ্বোধন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। কত ফুট উচ্চতায় এই সেতুটি তৈরি হয়েছে — ১৪,০০০ ফুট।

৭৬। ভারতের নতুন প্রতিরক্ষা সচিব



হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আরামানে গিরিধর।

৭৭। ভারতের কোন স্থান সম্প্রতি 'ইউনেস্কো'র অন্যতম বৃহত্তম বৈজ্ঞানিক সংস্থা 'ইন্টারন্যাশনাল ইউনিয়ন অফ জিওলজিক্যাল সায়েন্সেস'এর অধীনে তালিকাভুক্ত প্রথম ১০০টি জিওলজিক্যাল হেরিটেজ সাইটের মধ্যে একটি হিসাবে স্থান পেল — মেঘালয়ের পূর্ব খাসি পার্বত্য জেলার 'মাওমলুহ গুহা' (৭.২ কিলোমিটার দৈর্ঘ্যবিশিষ্ট এই 'মাওমলুহ গুহা'টি ভারতীয় উপমহাদেশের চতুর্থ দীর্ঘতম গুহা)।

৭৮। সঙ্গীত ও বিনোদন কোম্পানি 'মির্চি'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — যতীশ মেহরিশি।

৭৯। চিনে কোভিড-১৯ লকডাউনের বিধিনিষেধ তোলার ক্ষেত্রে প্রতিবাদ জানাতে, বাপ্পি লাহিড়ির সুর করা কোন গানটিকে বেছে নেওয়া হয়েছে — 'ডিস্কো ডান্সার' চলচ্চিত্রের বিখ্যাত গান 'জিমি জিমি'।

৮০। কোন দেশে সম্প্রতি শিখ যোদ্ধাদের সম্মান জানিয়ে স্মারক মূর্তির উন্মোচন করা হল — যুক্তরাজ্য।

৮১। সম্প্রতি কোন জায়গাকে 'জাতীয় স্মৃতিসৌধ' হিসাবে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — মানগড় ধাম।

৮২। কোথায় ভারতের প্রথম 'অ্যাকোয়া পার্ক' ও উত্তর-পূর্ব ভারতের প্রথম 'মাছের জাদুঘর' তৈরি হতে চলেছে — অরুণাচল প্রদেশ।

## খেলাধূলা

৮৩। ২০২২ সালে কে 'মার্কিন যুক্তরাষ্ট্র গ্র্যাঁ প্রি' জিতলেন — ম্যাক্স ভারস্তাপেন।

৮৪। 'আই সিসি'র ক্রমতালিকায় 'টোয়েন্টি-২০ আন্তর্জাতিক'এ কে সম্প্রতি বিশ্বের ১ নম্বর ব্যাটার হিসাবে



স্বীকৃতি পেলেন — ভারতীয় ক্রিকেটার সূর্যকুমার যাদব (তাঁর সংগ্রহ ৮৬৩ পয়েন্ট)।

৮৫। কে সম্প্রতি প্রথম ভারতীয় ক্রিকেটার হিসাবে 'টোয়েন্টি-২০ বিশ্বকাপ'এর ইতিহাসে ১,০০০ রানের মাইলফলক অতিক্রম করে ইতিহাস গড়লেন — বিরাট কোহলি।

৮৬। ২০২২-'২৩ সালের জন্য এফআইএইচ প্রো লিগ'এ ভারতীয় হকি দলের অধিনায়ক হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — হরমনপ্রীত সিং।

৮৭। ২০২২ সালে ফিফা অনূর্ধ্ব-১৭ মহিলা বিশ্বকাপে চ্যাম্পিয়ন হল কোন দল — স্পেন (কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে)।

৮৮। ২০২২ সালে 'সুলতান অফ জোহর কাপ' হকি টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হল কোন দল — ভারতের জুনিয়র পুরুষ হকি দল (পেনাল্টি শ্যুট আউটে অস্ট্রেলিয়াকে ৫-৪ গোলে হারিয়ে)।

৮৯। ২০২২ সালে ভারতের কোন রাজ্য 'ট্র্যাক এশিয়া কাপ' সাইক্লিং টুর্নামেন্ট আয়োজন করবে — কেরালা।

৯০। ২০২২ সালে কে ফর্মুলা ওয়ান 'মেক্সিকান গ্র্যাঁ প্রি' জিতলেন — ম্যাক্স ভারস্তাপেন।

৯১। দক্ষিণ কোরিয়ার চেয়ংজুতে অনুষ্ঠিত, ২১ তম 'এশিয়ান স্কোয়াশ টিম চ্যাম্পিয়নশিপ'এ কোন দল সম্প্রতি সোনার পদক পেল — ভারতের পুরুষ স্কোয়াশ দল (কুয়েতকে ২-০ ব্যবধানে হারিয়ে এই পদক পেল তারা)।

সঙ্কলক : পলি দেওয়ান

## সরকার স্বীকৃত কর্মমুখী স্যানিটারি ইন্সপেক্টর কোর্সে ভরতি

ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর হেল্‌থ ম্যানেজমেন্ট কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরে অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। থিওরির পাশাপাশি রয়েছে হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং। এছাড়াও এখানে মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স ও অন্যান্য স্বল্পমেয়াদি স্বাস্থ্য পরিষেবার কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম মাধ্যমিক পাশ। বয়সের কোনো কড়াকড়ি নেই। আইআইএইচটি'র অধ্যক্ষ রামনারায়ণ মণ্ডল জানান, ১ বছরের স্যানিটারি ইন্সপেক্টর কোর্স পাশ করার পর রেল, পুরসভা, পোর্ট ও অন্যান্য স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত ক্ষেত্রে চাকরি পাওয়া যায়। ডিএমএলটি কোর্স পাশ করার পর সরকারি ও বেসরকারি হাসপাতাল, প্যাথলজিক্যাল ল্যাবে চাকরি হয়। এছাড়াও নিজেরাও ল্যাব খুলে ভালো আয় করতে পারেন। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — আইআইএইচটি, ২২৬ বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, বউবাজার, কলকাতা-৭০০০১২। ফোন (সকাল ১১টা থেকে বিকেল ৪টে) : ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪, ৯৮৩৬৩৯৬৭৩৪। ওয়েবসাইট : www.iiht.in



## ভারত সেবাশ্রম সঙ্ঘে যোগা ও প্র্যাক্টিশনার ট্রেনি সার্টিফিকেট কোর্স

ভারত সেবাশ্রম সঙ্ঘে ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অফ যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথি (পশ্চিমবঙ্গ সরকারের আয়ুষ শাখার) স্বীকৃত যোগা ও প্র্যাক্টিশনার ট্রেনি'র ১ বছরের যোগা অ্যান্ড প্র্যাক্টিশনার ট্রেনি'র সার্টিফিকেট কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। মাধ্যমিক পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। আগে আসার ভিত্তিতে সুযোগ। থিওরির পাশা পাশি প্র্যাক্টিক্যাল ও ওপিডি ক্লাস নেওয়া হবে। প্রশিক্ষণ দেবেন অভিজ্ঞ শিক্ষক-ডাক্তাররা। কোর্স শেষে কাজের ক্ষেত্রে সাহায্য করা হবে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ভারত সেবাশ্রম সঙ্ঘ, জিম সেন্টার, বালিগঞ্জ। ফোন : ৯৮৩১১৪৪০৭০, ৭৯৮০০৯৯৬২৭।


## ১২৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ট্রেডের জন্য যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৬টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৭টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (কম্পিউটার সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি)** : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ১৩টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল / অটোমোবাইল)** : মেকানিক্যাল বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ১টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল)** : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)** : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ২৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (কম্পিউটার সায়েন্স / ইনফর্মেশন টেকনোলজি)** : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল)** : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস (কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, মেকানিক, ইলেক্ট্রনিক্স)** : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, মেকানিক বা, ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৩৫টি।

সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২০ বা, তারপর। বয়স হতে হবে ৩১-৮-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2022/Apprentice/Graduate/Diploma/ITI/ER.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউ বা, সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।

আগ্রহী প্রার্থীদের অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ৪ ডিসেম্বরের মধ্যে। গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের বেলায় নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in আই.টি.আই. অ্যাপ্রেন্টিসদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org তখন পাশপোর্ট মাপের ফটো, আধার কার্ড, ব্যাঙ্ক ডিটেলস, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ইত্যাদি স্ক্যান করে নেবেন।


*Need Male / Female office staff for*
**PARTHA AGRITRADE PVT LTD**
**Badkulla • Nadia**
• Graduates & Computer knowledge • Age between 20-25 • Salary 7,000 to 16,000.00
*Mail your CV to —*
parthaagritrade@gmail.com



রাজ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বীকৃত

## ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (ডি.এম.এল.টি) কোর্সে ভর্তি

**বিশেষ প্রতিনিধি** : ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে সাথে বেড়ে চলেছে শারীরিক অসুস্থতা। আর বিভিন্ন অসুখের সঙ্গে লড়াই করার অন্যতম হাতিয়ার হলো বিভিন্ন সঠিক মেডিকেল পরীক্ষা। বর্তমানে তাই বাংলা ও ভারতে ক্রমান্বয়ে বেড়ে চলেছে হাসপাতাল ও ডায়াগনিস্টিক সেন্টারের সংখ্যা। আজ সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই প্রয়োজন হাজার হাজার সুদক্ষ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্টদের। আর কোভিড পরবর্তী পৃথিবীতে আজ এই টেকনোলজিস্টদের প্রয়োজন অফুরন্ত হারে বেড়ে চলছে। আর এই কথা চিন্তা করেই মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (পূর্বতন W.B.U.T)-এর CCPTR ও গুরুকুল এর যৌথ উদ্যোগে D.M.L.T কোর্সে নতুন সেশনে ভর্তি শুরু হয়েছে। যে কোন শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা আবেদনের যোগ্য। প্রখ্যাত চিকিৎসক ডাঃ পি শর্মা ও ডাঃ এ ভক্ত আমাদের প্রতিনিধিকে জানিয়েছেন এখনই পশ্চিমবঙ্গ ও ভারতে সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই D.M.L.T করা টেকনোলজিস্টদের চাহিদা বিপুল। আগামী দিনে প্রশিক্ষিত ও দক্ষ প্রফেশনালদের এই চাহিদা কয়েকশো গুণ বাড়বে। তাই সুনিশ্চিত কেরিয়ার গড়তে যে কোন শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা গুরুকুলের সুবিশাল ও অত্যাধুনিক ক্যাম্পাসে শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলী, অত্যাধুনিক ল্যাবরেটরি, লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (যা কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিয়োরি ও প্র্যাকটিক্যাল করার সাথে সাথে রিলেটেড হেলথকেয়ার ইন্ডাস্ট্রিতে হাতে কলমে প্রশিক্ষণ এর মাধ্যমে শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে), MAKAUT এর সর্বত্র গ্রহণযোগ্য সার্টিফিকেট ও প্লেসমেন্ট সাপোর্ট এর সুবিধা সহ MAKAUT (CCPTR) এবং গুরুকুলের এর D.M.L.T কোর্সে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন এই ঠিকানায় — Gurukul Edutech Education & Research Foundation, Langalberia LASKUS Campus, Kolkata. Near Narendrapur Ramakrishna Mission. Ph.: 9804720425. 7059918186, 9051352337. Website-www.gurukulinstitute.org.in.

বিজ্ঞাপন



## WBCS & SLST Coaching

Preli (2023) ও Main (2022) এর নতুন ব্যাচ খুব তাড়াতাড়ি শুরু হতে চলেছে। Admission চলছে। Online/Offline Class, Complete Study Materials (Both Beng & Eng Versions) and Mock Test Programmes available.

**NHSC**
Barnaparichaya Market (1st Floor), College Street, Kol-7
Contact- 7980649836, 9836484969
www.newhorizonstudy.com



## কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত SIASTM-এ

# কৃষিবিজ্ঞান কোর্সে প্রচুর চাকরি



### মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েদের জন্য

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম। দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই ৫টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স :

(১) **ডিপ্লোমা ইন ভেটেরিনারি সায়েন্সেস অ্যান্ড অ্যানিমাল হাজবেন্ড্রি** । সময়সীমা : ২ বছর সঙ্গে ৬ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (২) **ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট** । সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৩) **পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্‌থ ম্যানেজমেন্ট** । সময়সীমা : ২ বছর সঙ্গে ৩ মাস ইন্টার্ণশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। (৪) **ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স ফর ইনপুট ডিলার্স**। সময়সীমা : ১ বছর যোগ্যতা : মাধ্যমিক পাশ। এই কোর্সটি সারের লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে অগ্রগণ্য। (৫) **সার্টিফিকেট ইন মাশরুম কাল্টিভেশন অ্যান্ড স্পন প্রোডাকশন** । সময়সীমা : ৩ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

**উল্লেখযোগ্য বিষয়** : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। (৫) আমাদের এখানে আছে অত্যন্ত আধুনিক মানের ল্যাবরেটরি-সহ উপযুক্ত পরিকাঠামো। (৬) শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন আধুনিক পরিকাঠামোযুক্ত কৃষিফার্ম। (৭) বিশিষ্ট অধ্যাপকমন্ডলী পরিচালিত পাঠক্রম। (৮) কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট আধিকারিক, অধ্যাপক ও বহুজাতিক কোম্পানির উচ্চপদাধিকারী ব্যক্তিগণ পরিচালিত প্রফেশনাল গ্রুমিং সহায়তা। (৯) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা।

**ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্ত্বর যোগাযোগ :**

**Susrijo Institute of Agricultural Science, Technology and Management**

**মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর** : WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101.

**Ph.: 9832015253, 8250155379**

**কল্যাণী স্টাডি সেন্টার** : B-15/54, Kalyani, P.O & P.S Kalyani, Nadia. **Ph. : 7602656588, 6290698667**

Web : www.siastm.org Email : siastm2020@gmail.com

বিজ্ঞাপন



## ২০১২ সাল থেকে এখনো পর্যন্ত সর্বমোট ৩ বার টেট হয়েছে।

### এই ৩ বছরের পরীক্ষার প্রশ্ন ও তার বিশ্লেষণ নিয়ে বেরোল




এছাড়াও পাবেন নতুন সিলেবাসে হওয়া

**টেট-এর মডেল প্রশ্নপত্র ও তার পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ**

ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

❑ ভারতীয় সেনাবাহিনীর দক্ষিণাঞ্চলীয় কম্যান্ডের প্রধান হিসাবে মনোনীত হলেন লেফটেন্যান্ট জেনারেল অজয় কুমার সিং।

❑ 'আইসিএআর-সুগারক্যান ব্রিদিং ইনস্টিটিউট'এর প্রথম মহিলা ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ড.জি.হেমপ্রভা।

❑ ওড়িশায় ১৬টি শিশু-বান্ধব থানা ও ১টি হেল্পলাইন নম্বরের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী নবীন পটনায়েক। এছাড়াও, খুব শিগগিরই রাজ্যে আরও ১৮টি শিশু-বান্ধব থানা স্থাপন করা হবে বলে ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী।

❑ নিজেদের ৩টি উৎপাদন সুবিধার জন্য, ভারতের প্রথম 'রেস্পন্সিবল স্টিল সার্টিফিকেশন' পেল 'টাটা স্টিল'এর ঝাড়খণ্ডের জামশেদপুর প্ল্যান্ট। এই ৩টি উৎপাদন সুবিধা হল - স্টিল ওয়ার্কস, টিউব ডিভিশন ও কোল্ড রোলিং মিল (বারা)। এই সার্টিফিকেশনের ফলে, বিশ্বের অন্যান্য ইস্পাত উৎপাদনকারী সাইটগুলির গ্রুপে যোগ দিল জামশেদপুর প্ল্যান্ট। 'রেস্পন্সিবল স্টিল' হল ইস্পাত শিল্পের প্রথম বিশ্বব্যাপী মাল্টি-স্টেকহোল্ডার স্ট্যান্ডার্ড ও সার্টিফিকেশন উদ্যোগ, যা জলবায়ু পরিবর্তন, বৈচিত্র্য, মানবাধিকার-সহ আরও অনেক পরিস্থিতির সঙ্গে মোকাবিলা করে, একটি টেকসই ইস্পাত শিল্প গড়ে তোলার জন্য ইস্পাত উৎপাদনকারী, ক্রেতা ও মধ্যস্থতাকারীদের সঙ্গে কাজ করে।

❑ জার্মানির বেসরকারি সংস্থা 'স্ট্যাটিস্টা'র রিপোর্ট অনুযায়ী, প্রতিরক্ষায় কর্মচারীর নিরিখে মার্কিন যুক্তরাষ্ট্র ও চিনকে পিছনে ফেলে, বিশ্বের বৃহত্তম নিয়োগকারী সংস্থা হিসাবে স্বীকৃতি পেল ভারতের প্রতিরক্ষা মন্ত্রক। এই রিপোর্ট অনুযায়ী, এখন সামরিক ও অসামরিক মিলিয়ে ২.৯২ মিলিয়ন কর্মচারী কাজ করেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রকে। অন্যদিকে, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মন্ত্রকে কাজ করেন ২.৯১ মিলিয়ন কর্মচারী। ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের থেকে অনেকটাই পিছনে রয়েছে চিন। সেখানকার প্রতিরক্ষা মন্ত্রকে কর্মচারীর সংখ্যা এখন ২.৫ মিলিয়ন। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি বছরে বিশ্বের বিভিন্ন দেশের প্রতিরক্ষা মন্ত্রকের কর্মচারীর সংখ্যার ওপর সমীক্ষা চালিয়েছে 'স্ট্যাটিস্টা'।

❑ ভারতের সব রাজ্যে ভ্রমণ করতে ২০,০০০ কিলোমিটার সাইকেল চালানো শুরু করলেন মধ্য প্রদেশের ক্রীড়াবিদ ও পর্বতারোহী আশা রাজুভাই মালব্য। রাজ্যের পর্যটন গন্তব্যের প্রচার করতে, মধ্য প্রদেশের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ১ নভেম্বর থেকে এই ভ্রমণ শুরু করলেন তিনি। এই যাত্রা চলার সময়, রাজ্যের পর্যটন গন্তব্য, প্রাকৃতিক সৌন্দর্য, সমৃদ্ধ ইতিহাস ও সংস্কৃতিকে দেশের প্রতিটি প্রান্তে পৌঁছে দেওয়ার প্রচারের অংশ হবেন তিনি। ১১ মাস পর, দিল্লিতে তাঁর এই যাত্রা শেষ হবে। এর ফলে, 'ওএমজি বুক অফ রেকর্ডস'এ লিপিবদ্ধ হয়েছে তাঁর নাম।

❑ গুজরাত ও রাজস্থানের সীমান্তবর্তী এলাকায় অবস্থিত বাঁশওয়ারা জেলার 'মানগড় ধাম'কে 'জাতীয় স্মৃতিসৌধ' হিসাবে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্বাধীনতা আন্দোলনে আদিবাসীদের ভূমিকার কথা স্মরণ করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বাধীনতার ইতিহাসে তেমনভাবে এখনও গুরুত্ব পায় না উপজাতি-জনজাতির আত্মত্যাগ। এদিন, মানগড় ধামকে জাতীয় স্মৃতিসৌধ হিসাবে তুলে ধরে প্রধানমন্ত্রী স্মরণ করেছেন ভীল স্বাধীনতা সংগ্রামী গোবিন্দ গুরুকে। প্রসঙ্গত উল্লেখ্য, এই ধামটি ১৯১৩ সালে ব্রিটিশ সেনাবাহিনীর মাধ্যমে গণহত্যা হওয়া প্রায় ১,৫০০ জন আদিবাসীদের জন্য একটি স্মারক।

❑ কোভিড-১৯ লকডাউনের বিধিনিষেধ তোলার ক্ষেত্রে, প্রতিবাদ জানাতে চিনে ব্যবহার করা হচ্ছে মিঠুন চক্রবর্তী অভিনীত ও প্রয়াত সঙ্গীতশিল্পী বাপ্পি লাহিড়ির সুর করা 'ডিস্কো ডান্সার' চলচ্চিত্রের বিখ্যাত গান 'জিমি জিমি'। এই গানের সঙ্গে প্রতিবাদী ভিডিও বানাচ্ছেন চিনা নাগরিকরা। গানটিকে ম্যান্ডারিন ভাষায় অনুবাদ করা হয়েছে, যার অর্থ হল 'আমাকে ভাত দাও, আমাকে ভাত দাও'। এছাড়াও ভিডিওতে খালি বাসন হাতে নিয়ে বিভিন্ন রকমারি ভিডিও তৈরি করছেন চিনারা। এই ভিডিওর মাধ্যমে চিনারা সরকারকে বলতে চাইছেন যে, করোনা লকডাউনের কারণে তাঁদের খাবারের ঘাটতি হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারির বিরুদ্ধে সরকারের শূন্য সহনশীলতা নীতির জেরে এখন লাখ লাখ চিনা নাগরিককে ঘরবন্দি করে রাখা হয়েছে। নিত্য প্রয়োজনীয় অনেক পণ্যই পাচ্ছেন না তাঁরা। এই মনের ক্ষোভকে ব্যক্ত করতে এই বিখ্যাত বলিউডি গানকেই বেছে নিয়েছেন চিনারা।

২ নভেম্বর : অরুণাচল প্রদেশের রাজধানী ইটানগরের হলঙ্গিতে অবস্থিত 'গ্রিনফিল্ড বিমানবন্দর'এর নাম বদলে 'দোনি পোলো বিমানবন্দর' রাখার সিদ্ধান্তে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এই নাম বদলের প্রস্তাব পাঠিয়েছিল অরুণাচল প্রদেশ সরকার। 'দোনি পোলো' কথাটির অর্থ হল যথাক্রমে সূর্য ও চাঁদ, যা অরুণাচল প্রদেশের সমৃদ্ধশালী সংস্কৃতি ও ঐতিহ্যের পরিচয় বহন করে।

❑ 'কলিন্স অভিধান'এর বিচারে, '২০২২ সালের সেরা শব্দ' হিসাবে নির্বাচিত হল 'পার্মাক্রাইসিস' শব্দটি। 'পার্মাক্রাইসিস' শব্দের অর্থ হল, যুদ্ধ, মূল্যস্ফীতি ও রাজনৈতিক অ-স্থিতিশীলতার সময় বা কাল। 'কলিন্স অভিধান' এই শব্দটির সংজ্ঞা দিয়েছে এভাবে - 'অ-স্থিতিশীলতা ও অনিরাপত্তার এক প্রলম্বিত কাল'। প্রসঙ্গত উল্লেখ্য, এই নতুন দশক শুরু হতেই সারা বিশ্বে দেখা গিয়েছে দীর্ঘ অতিমারি, ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক মূল্যস্ফীতি, জ্বালানি সংকট, জীবনযাত্রার ব্যয়বৃদ্ধি, দেশে দেশে রাজনৈতিক অ-স্থিতিশীলতা প্রভৃতি। এই চলমান অস্থির সময়ের প্রতিফলন দেখা গেছে 'কলিন্স অভিধান'এর এই বর্ষসেরা শব্দে।

❑ 'সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স'এ প্রথম মহিলা ব্যাটালিয়ন গঠনের পর, ৩৫ বছরের মধ্যে প্রথমবারের মতো ২ জন মহিলা অফিসারকে ইন্সপেক্টর জেনারেল পদে উন্নীত করা হল। অ্যানি আব্রাহামকে র‍্যাপিড অ্যাকশন ফোর্সের আইজি হিসাবে নিযুক্ত করা হয়েছে ও সীমা ধুন্দিয়াকে বিহার সেক্টরের আইজি হিসাবে নিযুক্ত করা হয়েছে। এই প্রথম কোনো মহিলা আইজি'র নেতৃত্বে র‍্যাপিড অ্যাকশন ফোর্সের নেতৃত্ব দেওয়া হবে। এই ২ জন মহিলা আধিকারিকই ১৯৮৭ সাল থেকে সিআরপিএফ'এর সঙ্গে যুক্ত রয়েছেন।

❑ ২০২২ সালের অক্টোবরে 'ট্র্যাক এশিয়া কাপ' সাইক্লিং টুর্নামেন্ট আয়োজন করবে কেরালা। ট্র্যাক এশিয়া কাপ হল সবথেকে বড় সাইক্লিং ইভেন্টগুলির মধ্যে একটি, যা ২৫ নভেম্বর থেকে ২৮ নভেম্বর পর্যন্ত 'এলএনসিপিই আউটডোর ভেলোড্রোম'এ অনুষ্ঠিত হবে। এশিয়ার ২৫টিরও বেশি দেশ থেকে প্রায় ২০০ জন সাইক্লিস্ট এই টুর্নামেন্টে অংশ নেবে। এই প্রথমবারের মতো দিল্লির বাইরে এই টুর্নামেন্ট আয়োজিত হচ্ছে।



বিশ্বের সবথেকে দীর্ঘতম যাত্রীবাহী ট্রেন চালিয়ে রেকর্ড তৈরি করল সুইৎজারল্যান্ড। এই ট্রেনে রয়েছে মোট ১০০টি কামরা। 'আল্পস পর্বত'এর গা বেয়ে ছুটে চলা এই ট্রেনটি ১.৯ কিলোমিটার লম্বা, যেখানে ৪,৫৫০টি আসন রয়েছে। ট্রেনটির ওজন প্রায় ৩,০০০ টন। সুইৎজারল্যান্ডের 'রিশান রেলওয়ে কোম্পানি' এই ট্রেনটি তৈরি করেছে। সম্প্রতি সুইৎজারল্যান্ডের আলবুলা জেলায় রাষ্ট্রপুঞ্জ মনোনীত যাত্রাপথে প্রেদা থেকে বারগুন পর্যন্ত চালানো হয় এই ট্রেনটিকে। যে রাস্তা ধরে এই ট্রেন চলেছে, সেখানে রয়েছে ২২টি হেলিকল টানেল ও ৪৮টি সেতু। মোট ২৫টি ছোট ছোট একক ট্রেন পরস্পরের সঙ্গে যুক্ত করে এই যাত্রীবাহী ট্রেনটি তৈরি করা হয়েছে। চলতি বছর সুইৎজারল্যান্ডের রেল পরিবহণ ১৭৫ তম বর্ষপূর্তি পালন করছে। সেই উপলক্ষ্যে একটি অনুষ্ঠানে বিশেষ এই যাত্রীবাহী ট্রেনটি চালিয়েছে তারা।

❑ নিজেদের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র তৈরির জন্য মার্কিনি কোম্পানি 'ওয়েস্টিংহাউজ ইলেক্ট্রিক কোম্পানি'কে বেছে নিল পোল্যান্ড। কম কয়লা পোড়ানো ও বৃহত্তর শক্তির স্বাধীনতা অর্জনের জন্য, দেশটির প্রচেষ্টার অংশ হিসাবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। বাল্টিক সাগর উপকূলের কাছে পোমেরানিয়া প্রদেশে এই বিদ্যুৎকেন্দ্রটি তৈরি হবে। ৩টি চুল্লী-সহ ২টি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র তৈরির জন্য ৪০ বিলিয়ন ডলার খরচ করার পরিকল্পনা নিয়েছে দেশটির সরকার।

❑ 'আইসিসি'র ক্রমতালিকায় 'টোয়েন্টি-২০ আন্তর্জাতিক'এ বিশ্বের ১ নম্বর ব্যাটার হিসাবে স্বীকৃতি পেলেন ভারতীয় ক্রিকেটার সূর্যকুমার যাদব। অনেকদিন পর, ভারতের কোনো ব্যাটার ক্রমতালিকার শীর্ষে এলেন। সূর্যকুমার যাদবের সংগ্রহ ৮৬৩ পয়েন্ট। ৮৪২ পয়েন্ট সংগ্রহ করে এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন পাক-ই-স্তানি ওপনার মহম্মদ রিজওয়ান। অন্যদিকে, ৭৯২ পয়েন্ট সংগ্রহ করে তৃতীয় স্থানে রয়েছেন নিউজিল্যান্ডের ডেভন কনওয়ে।

৩ নভেম্বর : 'উইপ্রো লিমিটেড'এর চিফ অপারেটিং অফিসার হিসাবে মনোনীত হলেন অমিত চৌধুরি। এছাড়াও, 'উইপ্রো এক্সিকিউটিভ বোর্ড'এর সদস্য হিসাবেও নির্বাচিত হলেন তিনি।



ইজরায়েলের প্রধানমন্ত্রী হিসাবে আবার ক্ষমতায় ফিরলেন বেঞ্জামিন নেতানিয়াহু।

❑ 'এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেস লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন বিশাল কাপুর।

❑ 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন শুভ্রকান্ত পান্ডা।

❑ 'ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন ভেত্সা রামা কৃষ্ণ গুপ্তা।

❑ ফরাসি সরকারের সর্বোচ্চ সম্মান "শেভালিয়ার দে এল'অরড্রে দেস আর্টস এট দেস"এ ভূষিত হলেন কর্ণাটকের কণ্ঠশিল্পী, সুরকার, মানবতাবাদী ও বক্তা অরুণা সাইরাম। সঙ্গীতের ক্ষেত্রে দক্ষতা ছাড়াও, ভারত-ফ্রান্স সম্পর্কের উন্নয়নে অসামান্য অবদান রাখার জন্য তাঁকে এই সম্মান দেওয়া হয়েছে।

❑ গুজরাতের মুন্দ্রায়, ভারতের বৃহত্তম উইন্ড টারবাইন ইনস্টল করার কথা ঘোষণা করল 'আদানি নিউ ইন্ডাস্ট্রিজ লিমিটেড'। নিজেদের পুনর্নবীকরণযোগ্য শক্তি সম্প্রসারণ পরিকল্পনার অংশ হিসাবে, এটি স্থাপন করবে তারা। 'আদানি এন্টারপ্রাইজ লিমিটেড'এর একটি সম্পূর্ণ মালিকানাধীন সহায়ক সংস্থা 'মুন্দ্রা উইন্ডটেক লিমিটেড' এই টারবাইনটি ইনস্টল করবে। এই টারবাইনটি বিশ্বের সবথেকে উঁচু 'স্ট্যাচু অফ ইউনিটি'র (১৮২ মিটার) থেকেও লম্বা। ২০০ মিটার লম্বা এই টারবাইনটির ৫.২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার ক্ষমতা রয়েছে, যা প্রায় ৪,০০০ বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করতে পারবে।

❑ অষ্টম শ্রেণির স্কুল পাঠ্যবইতে, ভারতের প্রথম মহিলা মুসলিম শিক্ষিকা ফতিমা শেখের সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করল আন্ধ্রা প্রদেশ সরকার। এর আগে, মহারাষ্ট্র সরকারও তাদের স্কুল পাঠ্যক্রমে ফতিমা শেখের অবদান সম্পর্কে একটি সংক্ষিপ্ত পাঠ চালু করেছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ১৮৪৮ সালে জ্যোতিরাও ফুলে ও সাবিত্রীবাই ফুলের সঙ্গে একযোগে দেশের অন্যতম প্রথম মেয়েদের স্কুল প্রতিষ্ঠা করেছিলেন ফতিমা শেখ।

❑ রাজ্যের সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিদিন ১০ মিনিট যোগাভ্যাস করা বাধ্যতামূলক করল কর্ণাটক সরকার। শিক্ষার্থীদের সহনশীলতা ও একাগ্রতা উন্নত করতে ও তাদের মানসিক চাপ কমাতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

❑ ভাদোদরা মিউনিসিপ্যাল কর্পোরেশনের কেস স্টাডি হিসাবে মিউনিসিপ্যাল বন্ডের সফল তালিকা অন্তর্ভুক্ত হল 'অল অ্যাবাউট মিউনিসিপ্যাল বন্ড' বইটিতে। এ'বছরের ২৩ মার্চ, 'বম্বে স্টক এক্সচেঞ্জ'এ তালিকাভুক্ত হয়েছিল 'ভাদোদরা মিউনিসিপ্যাল বন্ড'। এর ফলে, দ্বিতীয় (পুণের পর) ভারতীয় শহর হিসাবে, মার্কিন ট্রেজারি বিভাগের প্রযুক্তিগত সহায়তা অফিসের সহায়তায় একটি মিউনিসিপ্যাল বন্ড ইস্যু করল গুজরাতের ভাদোদরা। নয়াদিল্লিতে এই 'অল অ্যাবাউট মিউনিসিপ্যাল বন্ড' বইটি প্রকাশিত হয়েছে। মিউনিসিপ্যাল বন্ড ইস্যু করার প্রক্রিয়ার একটি সংকলন হল এই বইটি। ভাদোদরা মিউনিসিপ্যাল বন্ডের কেস স্টাডি হল বইটির একটি অংশ। এই বন্ড ইস্যু থেকে প্রাপ্ত অর্থ 'অটল মিশন ফর রেজুভেনেশন অ্যান্ড আরবান ট্রান্সফর্মেশন' প্রকল্পের অধীনে ১৪টি প্রকল্পের অর্থায়নের জন্য ব্যবহার করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, মিউনিসিপ্যাল বন্ড স্থানীয় সরকার বা মার্কিন সরকার ও এজেন্সির মাধ্যমে ইস্যু করা হয়। মিউনিসিপ্যাল বন্ড হল একটি রাষ্ট্র, পুরসভা বা দেশের মুখ্য ব্যয়ভারগুলি অর্থায়নের জন্য ইস্যুকৃত একটি ঋণ দলিল। এই বন্ড সুদের হার মুক্ত, কিন্তু তার মানে এই নয় যে সবাই এর থেকে সুবিধা ভোগ করবে।

❑ আন্তর্জাতিক টেলিকম মিডিয়া কোম্পানি 'টোটাল টেলিকম' মাধ্যমে লন্ডনে অনুষ্ঠিত ২৪ তম 'ওয়ার্ল্ড কমিউনিকেশন পুরস্কার' অনুষ্ঠানে, 'ক্লাউড নেটিভ পুরস্কার' পেল 'জিও প্ল্যাটফর্মস লিমিটেড'। নিজেদের কম্বো ৫জি/৪জি কোর নেটওয়ার্ক সলিউশনের জন্য এই পুরস্কার পেল জিও প্ল্যাটফর্ম।

❑ আর্থিক সাক্ষরতা প্রচারের জন্য, জম্মু ও কাশ্মীরের শ্রীনগরের বিখ্যাত ডাল লেকে ভারতের প্রথম ভাসমান আর্থিক সাক্ষরতা শিবির আয়োজন করল 'ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক'। কেন্দ্রীয় কর্পোরেট বিষয়ক মন্ত্রকের অধীনে থাকা 'ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি'র সহযোগিতায় এটি আয়োজন করেছে 'ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক'। 'নিবেশক দিদি' নামে একটি উদ্যোগের সূচনার অংশ হিসাবে এই শিবিরটি পরিচালিত হয়েছে। 'নিবেশক দিদি' উদ্যোগটি 'মহিলাদের মাধ্যমে, মহিলাদের জন্য' ধারণার ভিত্তিতে বাস্তবায়িত হয়েছে। এই ধারণাটি বিশ্বাস করে যে, গ্রামীণ অঞ্চলের মহিলারা তাঁদের নিজেদের জিজ্ঞাস্য বিষয়গুলি অন্য মহিলাদের সঙ্গে ভাগ করে নিতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন।

❑ ওড়িশার ঢেঙ্কানলে, 'বাজি রাউট জাতীয় ফুটবল টুর্নামেন্ট'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, 'খেলো ইন্ডিয়া' ও 'ফিট ইন্ডিয়া'র মতো উদ্যোগের মাধ্যমে দেশে খেলাধুলার প্রচার করছে কেন্দ্রীয় সরকার। সরকারের লক্ষ্য হল, দেশের তরুণ প্রজন্মকে ক্রীড়া ক্ষেত্রে আকৃষ্ট করা।

২০২২ সালে 'ফিফা বিশ্বকাপ' ফাইনালে ভারতের দূত হিসাবে মনোনীত হলেন বলিউড অভিনেতা রনবীর সিং।




❑ নয়াদিল্লিতে অনুষ্ঠিত, 'এশিয়ান কন্টিনেন্টাল দাবা চ্যাম্পিয়নশিপ'এ পুরুষ ও মহিলাদের বিভাগে জিতলেন যথাক্রমে ২ ভারতীয় গ্র্যান্ডমাস্টার রমেশবাবু প্রজ্ঞানন্দা ও পন্নধুর ভেঙ্কটাচলম নন্দিধা। প্রজ্ঞানন্দার সংগ্রহ ৭ পয়েন্ট ও নন্দিধার সংগ্রহ ৭.৫ পয়েন্ট।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

নতুন সিলেবাস অনুযায়ী

# প্রাইমারি টেট



প্রাইমারি স্কুলে চাকরির জন্য পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের ২০২২ সালের 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট' বা 'TET' হবে ১১ ডিসেম্বর, রবিবার। সারা রাজ্যে একই দিনে। ১৫০ নম্বরের টেস্টে থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা, নতুন সিলেবাস অনুযায়ী তেমনই ১৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন 'টেট'এর বিশেষজ্ঞ শিক্ষক অর্ধেন্দু মুখার্জী।

## CHILD DEVELOPMENT AND PEDAGOGY

1. শিখন তত্ত্বের স্ক্যাফোল্ডিং হল —
(a) শিখনকে পুনরুদ্রেকে সহযোগিতা করা (b) শিখনের ক্ষেত্রে উপযুক্ত নির্দেশকের মাধ্যমে তাৎক্ষণিক সূত্র বা, সহায়তা দান (c) শিখন হবে সমস্যা সমাধানের মাধ্যমে (d) শিখন হবে সামাজিকীকরণের মাধ্যমে

2. একজন শিশু 5 বছর বয়সে চিড়িয়াখানা বেড়াতে গিয়েছে, কিন্তু সে চিড়িয়াখানার ভিতর জীব ও জড় বস্তুর মধ্যে কোনোরকম পার্থক্য করতে পারল না — এই ঘটনাটিকে কী বলা হবে?
(a) আত্মকেন্দ্রিক চিন্তন (b) একমুখী চিন্তন (c) সর্বপ্রাণবাদ (d) হাইপোথেসিস

3. রহিম ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করতে ভালোবাসে, বাল্যবিবাহ প্রথার বিরুদ্ধে মত প্রকাশ করে ও রাষ্ট্রের মাধ্যমে স্বীকৃত আইনের প্রতি শ্রদ্ধাশীল। এই স্তরটি নৈতিক বিকাশে কোন স্তরের অন্তর্গত?
(a) প্রথম স্তর (b) তৃতীয় স্তর (c) চতুর্থ স্তর (d) পঞ্চম স্তর

4. একটি শ্রেণিকক্ষে শিক্ষক মহাশয় একটি অঙ্ক পরিবর্তন করে শিক্ষার্থীদের সামনে দিল। সবাই অঙ্কটি করতে পারল, কিন্তু নতুন একটি অঙ্কের সমস্যা দেওয়া হল, যাতে তাদের জটিল চিন্তার প্রয়োজন হল — এই বৈশিষ্ট্যটিকে কী বলা হবে?
(a) অভিযোজন (b) আত্তীকরণ (c) সহযোজন (d) সাংগঠনিকীকরণ

5. সামাজিক-সাংস্কৃতিক বিকাশের কথা কে বলেছেন?
(a) পিঁয়াজে (b) কোহলবার্গ (c) ভাইগটস্কি (d) ব্রুনার

6. পরিণমনের ক্ষেত্রে কোনটি সঠিক নয়?
(a) পরিণমন বংশগতির মাধ্যমে নিয়ন্ত্রিত হয় (b) পরিণমন চাহিদা নিরপেক্ষ প্রক্রিয়া (c) পরিণমন জীবনব্যাপী প্রক্রিয়া নয় (d) পরিণমনে অনুশীলনের প্রভাব আছে

7. 'প্রতিদ্বন্দ্বিতার চাহিদা' কী ধরনের চাহিদার অন্তর্গত?
(a) সামাজিক চাহিদা (b) প্রাক্ষোভিক চাহিদা (c) মানসিক চাহিদা (d) দৈহিক চাহিদা

8. যে অভীক্ষায় একটি নির্দিষ্ট মান অনুযায়ী অর্জিত জ্ঞানের বা, পারদর্শিতার মাত্রা নির্ধারণ করা হয় তাকে কী অভীক্ষা বলে?
(a) NRT (b) CRT (c) CRS (d) CCE

9. 'সমাজমিতির কৌশল' কোন মূল্যায়ন কৌশলের অন্তর্গত?
(a) অভীক্ষা (b) নিরীক্ষণ (c) স্বীয়মতামত প্রকাশ (d) প্রতিফলন পদ্ধতি

10. মৃদু মাত্রা মানসিক প্রতিবন্ধীতার বুদ্ধ্যঙ্ক হবে —
(a) 25-এর কম (b) 35-60 (c) 60–70 (d) 50–69

11. 'PWD Act' কবে চালু হয়?
(a) 1994 (b) 1995 (c) 1996 (d) 1997

12. মস্তিষ্কে শব্দ সঠিকভাবে না যাওয়ার কারণে শিক্ষার্থী ভাষার অর্থ সঠিকভাবে বুঝতে পারে না, এটি কোন ধরনের শিখন অক্ষমতা?
(a) Dysgraphia (b) NVLD (c) LPD (d) Visual Motor Deficit

13. Thematic Appreception Test (TAT) হল —
(a) বুদ্ধির অভীক্ষা (b) প্রাক্ষোভিক অভীক্ষা (c) ব্যক্তিত্বের অভীক্ষা (d) আগ্রহের অভীক্ষা

14. শিশুর জন্মের 48 থেকে 72 ঘন্টার মধ্যে কোন ধরনের চক্ষু রোগের সৃষ্টি হতে পারে?
(a) ট্র্যাকোমা (b) কনজাংটিভাইটিস (c) অপথ্যালমিয়া নিওনেটোরাম (d) হাইপারমায়োপিয়া

15. নীচের কোনটি কর্মসম্পাদনী বুদ্ধির অভীক্ষার অন্তর্গত নয়?
(a) ফর্মবোর্ড অভীক্ষা (b) আলেকজাণ্ডারের পাশঅ্যালং অভীক্ষা (c) কোহস ব্লক ডিজাইন অভীক্ষা (d) আর্মি বিটা অভীক্ষা

16. নীচের কোনটি ব্যক্তিত্বের বৈশিষ্ট্যের অন্তর্গত নয়?
(a) ব্যক্তিত্ব গতিশীল একটি প্রক্রিয়া (b) ব্যক্তিত্বের একক হল জৈব-মানসিক সত্তা (c) ব্যক্তিত্ব সহজাত নয় — অর্জিত (d) ব্যক্তিভেদে ব্যক্তিত্ব আলাদা হয়

17. নীচের কোনটি ক্যাটেলের সংলক্ষণ তত্ত্বের শ্রেণিবিভাগ নয়?
(a) সাধারণ সংলক্ষণ (b) অনন্য সংলক্ষণ (c) উৎস সংলক্ষণ (d) মূল সংলক্ষণ

18. রুশোর জীবনবিকাশের তৃতীয় পর্যায়টি কত বছর থেকে কত বছর পর্যন্ত বিস্তৃত?
(a) পাঁচ থেকে বারো বছর (b) বারো থেকে পনেরো বছর (c)দশ থেকে পনেরো বছর (d) পনেরো থেকে কুড়ি বছর

19. লিঙ্গভেদ একটি —
(a) শারীরবৃত্তীয় ধারণা (b) জন্মগত ধারণা (c) সামাজিক ধারণা (d) জীবতাত্ত্বিক সত্তা

20. প্রশ্নগুচ্ছ কী?
(a) একটি যন্ত্র, যেখানে অনেক প্রশ্ন থাকে যার উত্তর উত্তরদাতা নিজেই দেন (b) একটি যন্ত্র, যেখানে অনেক লোকের কাছ থেকে প্রশ্ন সংগ্রহ করা হয় (c) একটি যন্ত্র, যেখানে একজন লোকের কাছ থেকে প্রশ্ন সংগ্রহ করা হয় (d) একটি যন্ত্র, যার মাধ্যমে বিভিন্ন প্রশ্ন তৈরি করা হয়

21. শিক্ষার্থীর সামাজিকীকরণে নীচের কোনটি সঠিক?
(a) বিদ্যালয় সামাজিকীকরণের গৌণ মাধ্যম ও পরিবার হল প্রাথমিক মাধ্যম (b) বিদ্যালয় সামাজিকীকরণের প্রাথমিক মাধ্যম ও পরিবার হল গৌণ মাধ্যম (c) বন্ধুরা হল প্রাথমিক মাধ্যম ও পরিবার হল গৌণ মাধ্যম (d) পরিবার ও গণমাধ্যম উভয় গৌণ মাধ্যম

22. একটি প্রগতিশীল শ্রেণিকক্ষে —
(a) শিক্ষক নির্দিষ্ট পাঠ্যক্রম অনুসরণ করেন (b) শিক্ষার্থীদের প্রতিযোগিতার ওপর জোর দেওয়া হয় (c) শিক্ষার্থীদের নতুন জ্ঞান নির্মাণের সুযোগ দেওয়া হয় (d) শিক্ষার্থীর বুদ্ধির মানদণ্ড অনুসারে স্তর করে দেওয়া হয়

23. শিক্ষার্থীদের জটিল ধারণা বোঝাতে শিক্ষক হিসাবে আপনি কী করবেন?
(a) বক্তৃতা দেবেন (b) প্রতিযোগিতার আয়োজন করবেন (c) একই বিষয় বার বার তুলে ধরবেন (d) শিক্ষার্থীদের আলোচনা করার ও নিজেদের তুলে ধরার সুযোগ দেবেন

24. ব্যক্তিগত পার্থক্যের বিকাশ বুঝতে নীচের কোনটি গুরুত্বপূর্ণ?
(a) পরিবেশগত উপাদানগুলি দেখা দরকার, যা ব্যক্তিত্বে প্রভাব বিস্তার করে (b) শারীরিক ও মস্তিষ্কের পরিণমন (c) জিনগত সূত্রে প্রাপ্ত বিষয়বস্তু ও পরিবেশগত বিষয়বস্তু উভয়েরই গুরুত্ব দিতে হবে (d) জীবনের শুরুতে জিনগত গুরুত্ব ও পরবর্তীকালে পরিবেশের ওপর গুরুত্ব দিতে হবে

25. শিশুদের ভুলগুলি —
(a) তাৎক্ষণিক সংশোধন করে দেওয়া দরকার অভ্যাসের মাধ্যমে (b) এগুলি শিখনের অংশ ও তাই চিন্তনের অন্তর্দৃষ্টি মনোভাব জাগ্রত করা দরকার (c) শিখন-শিক্ষণ প্রক্রিয়ায় কম গুরুত্বপূর্ণ (d) শিশুদের অমনোযোগী দিকটি ফুটে ওঠে

26. শিশু যখন অন্য ব্যক্তির সামনে নিজের বক্তব্য বোধগম্য করে তুলতে অসুবিধার সম্মুখীন হয়, তা হল —
(a) Mixed Language Disorder (b) Receptive Language Disorder (c) Expressive Language Disorder (d) সবগুলি

27. নীচের কোনটি সৃজনশীলতার উপাদান নয়?
(a) সাবলীলতা (b) মৌলিকতা (c) নমনীয়তা (d) প্রায়োগিকতা

28. 'Talking Book' কাদের ক্ষেত্রে ব্যবহার করা হয়?
(a) বধিরদের (b) অন্ধদের (c) মূকদের (d) সৃজনশীল শিশুদের

29. কোনো অভীক্ষা আদর্শায়নের জন্য প্রথমেই জানতে হবে অভীক্ষাটির —
(a) যথার্থতা (b) নির্ভরযোগ্যতা (c) নৈর্ব্যক্তিকতা (d) প্রয়োগগত সুবিধা

30. 120 – 139 বুদ্ধ্যঙ্কটি কাদের নির্দেশ করে?
(a) অত্যন্ত মেধাবী (b) মেধাবী (c) অল্প মেধাবী (d) উচ্চ মেধাসম্পন্ন

## ENVIRONMENTAL STUDY

31. ভিটামিন 'A' হল —
(a) অ্যাসকরবিক অ্যাসিড (b) রাইবোফ্লাভিন (c) রেটিনল (d) ক্যালসিফেরল

32. সমুদ্রের যে অঞ্চলে আলো পৌঁছয় না তাকে কী বলে?
(a) অ্যাফোটিক অঞ্চল (b) ইউফোটিক অঞ্চল (c) ফোটিক অঞ্চল (d) কোনোটিই নয়

33. যে জলে DO কম, সেই জল কেমন?
(a) দূষিত (b) পাতিত (c) বিশুদ্ধ (d) কোনোটিই নয়

34. জলের ওপর তলকে কী বলা হয়?
(a) এপিলিমনিয়ন (b) হাইপোলিমনিয়ন (c) মেটালিমনিয়ন (d) প্যারালিমনিয়ন

35. আমাদের দেশে সর্বাপেক্ষা দীর্ঘ জাতীয় সড়ক কোনটি?
(a) NH-548 (b) NH-44 (c) NH-3 (d) NH-27

36. বাস্তুতন্ত্রে উদ্ভিদগোষ্ঠী সংক্রান্ত আলোচনা করা হয় যেখানে, তাকে কী বলে?
(a) ফেনোলজি (b) ইকোবায়োলজি (c) ফোনেটিকস (d) বটানি

37. 'কনভেনশন অন বায়োডাইভারসিটি' কোন দেশে অনুষ্ঠিত হয়েছিল?.
(a) মেক্সিকো (b) ব্রাজিল (c) জাপান (d) আর্জেন্টিনা

38. কত সালে ভারতে 'জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট' সেল গঠিত হয়েছিল?
(a) 1998 (b) 1985 (c) 1992 (d) 2002

39. 'Blue baby syndrome'-এর কারণ কী?
(a) পানীয় জলে আর্সেনিকের মাত্রা বেড়ে যাওয়া (b) পানীয় জলে নাইট্রেটের আধিক্য (c) খাদ্যে আয়রনের অভাব (d) বাতাসে মিথেনের পরিমাণ বেড়ে যাওয়া

40. 'Kyoto Protocol' বিভিন্ন দেশের মধ্যে হওয়া এক আন্তর্জাতিক চুক্তি, যার উদ্দেশ্য হল —
(a) গ্রিনহাউস গ্যাসের পরিমাণ কমানো (b) ওজন বিনষ্টকারী পদার্থের পরিমাণ কমানো (c) ক্ষতিকারক বর্জ্য পদার্থের নিয়ন্ত্রণ (d) জীববৈচিত্র্য সংরক্ষণ

41. ইকোট্যুরিজম কী?
(a) নতুন ভ্রমণকেন্দ্রের বিকাশ লাভ (b) বন্যপ্রাণী থেকে আনন্দ লাভ (c) বাস্তুসংস্থানের টেকসই ব্যবহারের মাধ্যমে নতুন ভ্রমণকেন্দ্রের উন্নয়ন ও বিকাশ (d) সবক'টি

42. 'সাইলেন্ট ভ্যালি' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মধ্য প্রদেশ (b) উত্তর প্রদেশ (c) কেরালা (d) পশ্চিমবঙ্গ

43. 'Green Muffler' নীচের কোনটির সঙ্গে সম্পর্কিত?
(a) বায়ু (b) মাটি (c) শব্দ (d) জল

44. 'ভারতের পক্ষীমানব' কাকে বলা হয়?
(a) সেলিম আলি (b) এম.এস. স্বামীনাথন (c) সি. মেহতা (d) রেকোন এমারসন

45. ভারতের দক্ষিণতম বিন্দু থেকে নিরক্ষরেখার দূরত্ব কত কিলোমিটার?
(a) 600 (b) 876 (c) 995 (d) 1,000

46. পরিবেশ বিজ্ঞানের লক্ষ্য ও উদ্দেশ্য কী?
(a) সমার্থক (b) লক্ষ্যের ব্যাপকতা কম, উদ্দেশ্যের ব্যাপকতা অনেক বেশি (c) লক্ষ্যের ব্যাপকতা বেশি, উদ্দেশ্যের ব্যাপকতা কম (d) লক্ষ্যের সঙ্গে শিক্ষার্থী যুক্ত, উদ্দেশ্যের সঙ্গে শিক্ষক যুক্ত

47. পরিবেশ শিক্ষার বৈশিষ্ট্যগুলি প্রথম তালিকাভুক্ত হয় —
(a) 1976 সালের টিবিলিসি কনফারেন্সে (b) 1977 সালের টিবিলিসি কনফারেন্সে (c) 1977 সালের বেলগ্রেডের ইন্টারন্যাশনাল ওয়ার্কশপে (d) 1971 সালের ইউনাইটেড নেশনস এনভায়রনমেন্টাল প্রোগ্রামে

48. পরিবেশ বিষয়ে বিশ্লেষণাত্মক আলোচনার একটি ক্ষেত্র হল —
(a) শিক্ষার উদ্দেশ্য নিরূপণ (b) শিক্ষার্থীর ব্যক্তিত্ব বিকাশের ক্ষেত্র চিহ্নিতকরণ (c) শিখন অভিজ্ঞতাগুলি নিরূপণ (d) শিক্ষার্থীর অভ্যাস গঠনের উপায়

49. প্রাথমিক পরিবেশ পরিচিতি শিক্ষার ক্ষেত্রে উপযোগী পদ্ধতি কোনটি?
(a) বক্তৃতা (b) প্রতিপাদন (c) প্রোজেক্ট (d) সবগুলি

50. শ্রবণ ও পর্যবেক্ষণ উভয় ক্ষেত্রেই নীচের কোনটি সাধারণ?
(a) প্রত্যক্ষণ (b) নির্বাচন (c) বিশ্লেষণ (d) সংশ্লেষণ

51. একজন শিক্ষক / শিক্ষিকা জলচক্র পড়াচ্ছেন। এখানে তিনি কোন শিক্ষা-সহায়ক উপকরণ ব্যবহার করবেন?
(a) চার্ট (b) মডেল (c) স্লাইড (d) চকবোর্ড

টেটের নতুন সিলেবাস ধরে
মডেল প্রশ্নোত্তর (ব্যাখ্যা সহ)
পেতে আজই কিনুন
টেট স্পেশাল
Appointment & Career News
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

# প্রাইমারি টেট

52. সমস্যা সমাধান শিখন সর্বোচ্চ। কারণ —
(a) সম্পূর্ণভাবে পূর্ব অভিজ্ঞতার ওপর নির্ভর করে না (b) নতুন কিছু করতে হয় (c) অন্তর্দৃষ্টির প্রয়োজন (d) ওপরের সবগুলি

53. 'পরিবেশে শিশুর স্থান' — এই ধরনের সমস্যা কোন স্তরে থাকবে?
(a) নিম্ন প্রাথমিক (b) উচ্চ প্রাথমিক (c) উচ্চমাধ্যমিক (d) যেকোনো স্তরে দেওয়া যেতে পারে

54. নীচের কোন বক্তব্যের সঙ্গে প্রাথমিক স্তরে পরিবেশবিদ্যা শিক্ষার একটি উদ্দেশ্য ব্যক্ত আছে?
(a) শিক্ষার্থীদের জ্ঞানবৃদ্ধির জন্য যেসব বই পাঠ করা প্রয়োজন, সে সম্পর্কে জানানো (b) বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিজ্ঞতার সঙ্গে বাইরের জগতের কথা যুক্ত করা (c) শিক্ষার্থীদের টেকনিক্যাল শব্দ ও সংজ্ঞার সঙ্গে পরিচিত করা (d) পরিবেশবিদ্যার সঙ্গে যুক্ত টেকনিক্যাল শব্দগুলি জানা

55. শ্রেণিকক্ষে পরিবেশবিদ্যা সম্পর্কে ধারণা ব্যাখ্যায় পদ্য ও গল্প বলা গুরুত্বপূর্ণ কেন?
(a) শিক্ষার্থীদের ভাষা ব্যবহার ও সাংস্কৃতিক বৈচিত্র্য বিষয়ে সাহায্য করে (b) শিক্ষার্থীদের প্রাণশক্তি সঠিকভাবে পরিচালনায় সাহায্য করে (c) পাঠটির প্রতি আগ্রহ সৃষ্টি ও উপভোগ করতে সাহায্য করে (d) কল্পনাশক্তি বিকাশে আর স্থানীয় ও বিশ্বের অন্যান্য অঞ্চলের প্রকৃতি জানতে সাহায্য করে

56. পরিবেশবিদ্যায় আর্সেনিক দূষণ সম্পর্কে সেমিনার আয়োজন করা হয়েছে, সেখানে কোন পদ্ধতি বেশি কার্যকর?
(a) বক্তৃতা (b) বক্তৃতা তথা আলোচনা (c) প্রতিপাদন (d) সমস্যা সমাধান

57. পরিবেশ ও পরিবেশবিদ্যার ওপর প্রয়োগের জন্য প্রশিক্ষণের ভূমিকা হল —
(a) সমাজবিজ্ঞানে জ্ঞানার্জন ও এর উন্নত প্রয়োগের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা (b) জাতীয় সম্পদ ব্যবস্থাপনার মূল্যায়নে সমাজবিজ্ঞানীদের অন্তর্ভুক্ত করা (c) জাতীয় সম্পদ ব্যবস্থাপনায় সমাজবিজ্ঞানের ভূমিকা সম্পর্কে গবেষণাকে উৎসাহ দান (d) ওপরের সবগুলি

58. বিজ্ঞান ও সমাজবিজ্ঞানের সঙ্গে সম্পর্ক নিয়ে কোন সংস্থায় ব্যাপকভাবে ব্যাখ্যা করা হয়েছে?
(a) বিশ্ব স্বাস্থ্য সংস্থা (b) ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন (c) ইউনেস্কো (d) জাতীয় সম্পদ ব্যবস্থাপনা

59. বিদ্যালয় শিক্ষার গুণগত মানের জন্য সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কী?
(a) পরিকাঠামোগত সুযোগসুবিধা (b) বিদ্যালয়ের শৃঙ্খলা (c) বিদ্যালয়ের ব্যবস্থাপনা (d) শিক্ষক-প্রশিক্ষণের গুণগত মান

60. 'অভিজ্ঞতা তাত্ত্বিক ব্যাখ্যাকে সহজ করে তোলে, অভিজ্ঞতা ব্যতীত তত্ত্ব গ্রহণ করা সহজ নয়'। এই বক্তব্যটি কার?
(a) পেস্তালোজ্জি (b) থর্নডাইক
(c) জন ডিউই (d) ওপরের কারও নয়

## BENGALI

**নির্দেশ (61–75) :** *অনুচ্ছেদটি পড়ে সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন।*

রন্ধন ও রঞ্জনশিল্পে উজ্জ্বল, সোনালি হলুদ রং বিশিষ্ট এই মশলাটির ব্যবহার সুপ্রাচীন। সম্ভবত প্রায় পাঁচ হাজার বছর আগে ইন্দোনেশিয়া ও সাউথ এশিয়ার দেশগুলিতে হলুদের চাষ শুরু হয়েছিল। ভারত-সহ মধ্য ও দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের হেঁশেলগুলিতেও হলুদের আনাগোনা নয় নয় করে ২০০০-২৫০০ বছর ধরে চলে আসছে। নানা ধরনের সংক্রমণ ও প্রদাহজনিত অসুখ, পেটের রোগ, লিভারের অসুখ, সর্দি-কাশি, বাত ব্যথা, ত্বকের অসুখ, জ্বরজারি ইত্যাদি বিবিধ সমস্যায় সম্পূর্ণ প্রাকৃতিক দাওয়াই হিসাবে ভারত, চিন, নেপাল, ভিয়েতনাম, তিব্বত ইত্যাদি বহুদেশের মানুষজন আয়ুর্বেদিক চিকিৎসায় হলুদকে ব্যবহার করেন। হিন্দু ও বৌদ্ধদের বিভিন্ন আচার-অনুষ্ঠান ও শুভকাজে হলুদ এক অপরিহার্য উপাচার। হলুদের উজ্জ্বল রংকে সূর্য ও বিষ্ণুর প্রতীক হিসাবে ধরা হয় — বলা হয় ভারতের জাফরান। দুর্গাপুজো, নবপত্রিকা, গণেশপুজো, পোঙ্গাল, বিয়ে, পৈতে ইত্যাদি সব অনুষ্ঠানেই চাই হলুদ, হলুদ ছাড়া গায়ে হলুদ — এককথায় ভাবা অসম্ভব। সাম্প্রতিক বৈজ্ঞানিক গবেষণায় হলুদে উপস্থিত কুরকুমিন যৌগের অসাধারণ রোগ প্রতিরোধক ক্ষমতার কথা জানা গেছে।

61. ওপরের লেখা অনুযায়ী আয়ুর্বেদিক চিকিৎসায় হলুদের ব্যবহার হত কোন দেশে?
(a) চিন, তিব্বত (b) ইন্দোনেশিয়া, মরক্কো (c) ভিয়েতনাম, মায়ানমার (d) ভারত, বাংলাদেশ

62. সূর্য ও বিষ্ণুর প্রতীক হিসাবে ধরা হয় হলুদের —
(a) রংকে (b) গুঁড়োকে (c) গোটা অংশকে (d) উজ্জ্বল রংকে

63. রান্না ছাড়াও প্রাচীনকালে হলুদ কোন কাজে লাগত?
(a) রজন (b) জীবানুনাশ (c) রং করা (d) রঞ্জনরশ্মি

64. হলুদের চাষ শুরু হয়েছিল সম্ভবত —
(a) 6 হাজার বছর আগে (b) 5 হাজার বছর আগে (c) 2000-2500 বছর আগে (d) প্রায় 5 হাজার বছর আগে।

65. হলুদ ছাড়া এককথায় যা ভাবা অসম্ভব —
(a) ওষুধ তৈরি (b) যেকোনো অনুষ্ঠান (c) গায়ে হলুদ (d) রন্ধন

66. শুভ কাজে কারা হলুদ ব্যবহার করেন?
(a) হিন্দু, যবনরা (b) হিন্দুরা (c) বৌদ্ধরা (d) হিন্দু ও বৌদ্ধরা

67. 'প্রদাহ' শব্দের অর্থ কী?
(a) ফোসকা (b) জ্বালা (c) ফোলা (d) ভেঙে যাওয়া

68. 'লিভার' শব্দের বাংলা অর্থ কী?
(a) অগ্ন্যাশয় (b) বৃহদন্ত্র (c) ক্ষুদ্রান্ত্র (d) যকৃৎ

69. হলুদে কোন রোগ প্রতিরোধক যৌগটি আছে?
(a) কুরুমিন (b) কুরকুমিকা (c) কুরকুমিন (d) করেয়মিন

70. 'নবপত্রিকা'কে আমরা সাধারণত কী বলে থাকি?
(a) কলাপাতা (b) নয়টি পত্র (c) নতুন পাতা (d) কলাবউ

71. 'সোনালি হলুদ রং বিশিষ্ট .....' বাক্যাংশে 'সোনালি' পদটি —
(a) বিশেষণ (b) বিশেষ্য (c) বিশেষ্যের বিশেষণ (d) বিশেষণের বিশেষণ

72. 'পাঁচ' শব্দটিতে কোন ধরনের পরিবর্তন ঘটেছে?
(a) স্বরসংগতি (b) নাসিক্যীভবন (c) স্বতোনাসিক্যীভবন (d) ব্যঞ্জনলোপ

73. 'ব্যবহার' পদটিতে কোন ধরনের প্রত্যয় ঘটেছে?
(a) কৃৎ প্রত্যয় (b) তদ্ধিত প্রত্যয় (c) সংস্কৃত কৃৎপ্রত্যয় (d) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়

74. 'গায়েহলুদ' সমাসের নাম কী?
(a) বহুব্রীহি (b) তৎপুরুষ (c) কর্মধারয় (d) অলোপ তৎপুরুষ

75. রান্নার কাজে হলুদের ব্যবহার কত বছর আগে শুরু হয়?
(a) ১৫০০-২০০০ বছর আগে (b) ২০০০-২৫০০ বছর আগে (c) সঠিক সময় জানা নেই (d) ৩০০০ বছর আগে

76. ব্যাকরণ শিক্ষাদানের সমস্যা হল —
(a) আপাত সারল্য (b) ব্যাকরণের সূত্রাদির জটিলতা (c) ব্যাকরণের বাস্তব উপযোগিতার সীমাবদ্ধতা (d) ব্যাকরণ সচেতনতা ও সংবেদনশীলতা

77. ভাষা পঠন-পাঠনে সর্বাপেক্ষা কার্যকরী দৃষ্টিভঙ্গি কোনটি?
(a) সামাজিক দৃষ্টিভঙ্গি (b) মনো-বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি (c) বিশ্লেষণী দৃষ্টিভঙ্গি (d) ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি

78. ভাষা শ্রেণিকক্ষে ভাষা শিক্ষার কোন পদ্ধতি মাতৃভাষার ব্যবহারকে দূরে সরিয়ে দেয়?
(a) সরাসরি পদ্ধতি (b) শব্দভাবিক পদ্ধতি (c) নিমজ্জন পদ্ধতি (d) স্বাভাবিক পদ্ধতি

79. ভাষা শিক্ষায় নীচের মধ্যে কোনটি সবথেকে বেশি গুরুত্বপূর্ণ?
(a) পাঠ্য পুস্তক (b) অতিরিক্ত পাঠ (c) শিশু সাহিত্য (d) কর্মকেন্দ্রিক পত্র

80. যে পাঠে পাঠকের আনন্দদানকারী পাঠ্য বই ও সাধারণ পাঠ দক্ষতার বিকাশ কৌশলকে অন্তর্ভুক্ত করা হয়, তা হল —
(a) নিবিড় পাঠ (b) বিস্তারিত পাঠ (c) পূর্ব পাঠ (d) উত্তর পাঠ

81. একটি শ্রেণিকক্ষে পড়ানোর পর একজন ভাষা শিক্ষিকা তার ডায়েরিতে লিখলেন, 'ছাত্ররা ভাষার খেলা খুব চিত্তাকর্ষক মনে করেছে ও সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে কিন্তু তৃতীয় গোষ্ঠীর ছাত্রছাত্রীরা এ বিষয়ে প্রয়োজনীয় পরিণতিতে পৌঁছতে রীতিমতো সংঘর্ষ করেছে।' এটি শিক্ষিকার কোন বিষয়ের উদাহরণ?
(a) মূল্যায়ন (b) যান্ত্রিক লিপিবদ্ধ (c) প্রতিবিম্বিত ভাবনা (d) নিরীক্ষণ

82. একজন শিক্ষক ষষ্ঠশ্রেণির ভাষা পরীক্ষার উত্তরপত্র পরীক্ষা করে দেখলেন যে, ছাত্ররা ভালো ফল করেনি। এরপর তিনি আরেকটি পরীক্ষা পরিকল্পনা ও পরিচালনা করেন। এই পরীক্ষার নাম কী?
(a) গুরুত্বপূর্ণ ও দীর্ঘস্থায়ী প্রভাবসম্পন্ন পরীক্ষা (b) পুঞ্জীভূত পরীক্ষা (c) উপস্থাপনাত্মক পরীক্ষা (d) কারণ অনুসন্ধান পরীক্ষা

83. শিক্ষার্থীদের খারাপ প্রদর্শনের কারণ খোঁজার জন্য শিক্ষক কোন পদ্ধতিতে পরীক্ষার ব্যবস্থা করেন?
(a) দক্ষতার পরীক্ষা (b) কারণ অনুসন্ধান পরীক্ষা (c) সাফল্য অর্জনের পরীক্ষা (d) উপস্থাপনার পরীক্ষা

84. অভিব্যক্তি ও মতের —— হল ভাষার সবথেকে ভালো মাধ্যম।
(a) প্রচার (b) সংগ্রহ (c) বিনিময় (d) সবগুলি

85. নীচের মধ্যে কোনটি ভাষা শিক্ষার উদ্দেশ্য নয়?
(a) ভাবনার প্রকাশ (b) ভাষার বোধিকতা (c) লিখন ক্ষমতা (d) মৌলিকতা

86. একটি ভারতীয় শিশুর নীচের কোনটি শেখা প্রয়োজন?
(a) মাতৃভাষা (b) মাতৃভাষা ও একটি আঞ্চলিক ভাষা (c) মাতৃভাষা ও ইংরিজি (d) যেকোনো তিনটি ভাষা

87. ভাষা শিক্ষার শ্রব্য-দৃশ্য সামগ্রী কোন কারণে উপযোগী?
(a) সঠিক উচ্চারণ (b) সঠিক লেখা (c) সঠিক পড়া (d) কোনোটিই নয়

88. প্রতিকারযোগ্য শিক্ষা হল একটি —— কার্য।
(a) আদেশমূলক (b) নির্দেশমূলক (c) নৈতিবাচক (d) তাত্ত্বিক

89. ভাষা দক্ষতা শেখানো উচিত —
(a) পরিষ্কার ব্যাখ্যার মাধ্যমে (b) বিচ্ছিন্নভাবে (c) একীকরণ পদ্ধতিতে (d) অনুকরণের মাধ্যমে

90. ভাষা শিক্ষণের দক্ষতার মধ্যে প্রথম স্তর কোনটি?
(a) বলা (b) শোনা (c) পড়া (d) লেখা

## ENGLISH

**Direction (91 –98) :** *Go through the text and answer to the questions :*

Japan Airlines (JAL) and Vistara today signed a memorandum of understanding (MoU) to pursue commercial opportunities that combine the synergies of both airlines with the aim of providing greater convenience to their joint customers traveling between India and Japan, and through Japan to points beyond.

This mutual understanding between Japan Airlines and Vistara will help the two airlines pursue significant cooperation in the near future, such as codeshare, frequent flayer partnership as well as other operational arrangements, allowing them to leverage each other's network, expertise and assets, subject to necessary approvals from authorities.

Vistara and Japan Airlines entered and 'Inter Airline Through Check In' (IATCI) partnership earlier this year enabling customers to enjoy a seamless Through Check In 'facility, when connecting to or fro a Vistara flight in India and more than 50 countries across the globe on Japan Airlines' network, using a single ticket. In line with the rapid economic growth in India, demand for air travel between Japan and India has grown tremendously over the recent years.

Japan Airlines operates a daily non-stop service between Tokyo (Narita and Delhi, with plans or strengthening its presence in this country through a suitable partner to help boost connectivity between the two countries-Japan and India-connecting through Delhi.

91. An Mou has been signed between JAL and —
(a) INDIGO (b) IATCI (c) IA (b) Vistara

92. Japan and India will be connected through –
(a) Tokyo (b) Narita (c) Delhi (d) Kolkata

93. JAL stands for —
(a) Japan Airlines (b) Japanes Airlines (c) Jalpaiguri Art League (d) Jaldapara air League

94. Mou stands for —
(a) Memory or understanding (b) Memorandum of understanding (c) Man on underground (d) More officers under action

95. Vistara Operates its business in —
(a) 40 countries (b) 50 countries (c) More than 50 Countries (d) 25 Countries

96. The Airport of Tokyo is —
(a) Haita (b) Narita (c) Karita (d) Naruta

97. Recently India and Japan air travel has —
(a) Decreased (b) Started (c) Increased (d) Static Position

98. Mou between JAL and Vistara will help —
(a) Cooperation (b) Business (c) Signalling system (d) Connectivity

**Direction (99–105) :** *Read to the text and answer to the questions :*

In an unprecedented move, China's ruling Communist Party today proposed to remove presidential term limits for the party's Constitution, preparing the ground for President Xi Jinping to stay in Power indefinitely after the end of his second term in 2022.

The CPC Central Committee proposed removing clause that the President and Vice-President "Shall serve no more than two consecutive terms" from the country's Constitution, state-run Xinhua news agency reported today.

The removal of the term limit, which is expected to be endorsed by the Plenum of the party to be held tomorrow would give 64 year old Xi, regarded as the most powerful leader in modern China, a limitless tenure.

Xi's predecessors, Jiang Zemin who was in power from 1993 to 2003 and Hu jintao from 2003 to 2013 stepped down as the general secretary to the party as well as the president in line with the rule of two terms to promote collective leadership system in the one party state.

If China pushes ahead with the proposal, Xi would become the country's most powerful leader since Mao Zedong, who ruled for more than three decades through 1976.

President Xi, who is also the general secretary of the CPC and chairman of the Central Military Commission, began his second five year tenure last year, following a national Congress of the CPC.

99. The present chinese president is —
(a) Mao Tse Tung (b) Jiang Zemin (c) Xi Jinping (d) Xi Jiabao


100. Xi Jinping is ——— years old.
(a) 60 (b) 62 (c) 64 (d) 66

101. CPC stands for —
(a) Central Party Committee (b) Communist Party of China (c) Central Parliamentary Committee (d) Communist Parliamentary Committee

102. Tenure of Xi's Presidentship closes in —
(a) 2018 (b) 2020 (c) 2021 (d) 2022

In association with

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS



সরকারি চাকরি প্রার্থীদের জন্য সেরা স্কলারশিপ

সামনেই আছে TET, CGL, WBCS, BANKING ইত্যাদি বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় নিজেকে প্রমাণ করে দেওয়ার সুযোগ। প্রস্তুতি শুরু করে দাও আজই।

৫0% পর্যন্ত স্কলারশিপ

RICE TALENT SCHOLARSHIP TEST
#SecureYourDream

রেজিস্টার করার শেষ তারিখ: ১৭ নভেম্বর, ২০২২
পরীক্ষার তারিখ: ১৯ ও ২০ নভেম্বর, ২০২২
আজই রেজিস্টার করো: www.ricesmart.in/rtst

তোমার স্কলারশিপ সুনিশ্চিত করতে কল করো বা যোগাযোগ করো নিকটতম RICE ব্রাঞ্চে। 62921 90230 ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 18013 / 84799 17959 | বেহালা 84799 17961
সোনারপুর 84799 17962 | হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576
দুর্গাপুর 84799 00578 | আসানসোল 84799 00577 | বর্ধমান 84799 00575 | বহরমপুর 84799 17952 | মালদহ 84799 17953
মেদিনীপুর 84799 17954 | খড়গপুর 84799 17955 | তমলুক 84799 17957

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com